# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৩৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬. তৃতীয় অনুচ্ছেদ - নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর দরূদ পাঠ ও তার মর্যাদা

## আরবী

وَعَن رويفع أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: مَنْ صَلَّى عَلَى مُحَمَّدٍ وَقَالَ: اللَّهُمَّ أَنْزِلْهُ الْمَقْعَدَ الْمُقَرَّبَ عِنْدَكَ يَوْمَ الْقِيَامَةِ وَجَبَتْ لَهُ شَفَاعَتِي . رَوَاهُ أَحْمد

## বাংলা

৯৩৬-[১৮] রুওয়াইফি’ ইবনু সাবিত আল আনসারী (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর দরূদ পড়বে এবং বলবে, ’’আল্লা-হুম্মা আনযিলহু মাক্ব’আদাল মুক্বররাবা ’ইনদাকা ইয়াওমাল ক্বিয়া-মাতি’’! (হে আল্লাহ! তাঁকে তুমি কিয়ামতের (কিয়ামতের) দিন তোমার কাছে মর্যাদাপূর্ণ স্থান দিও) আমার সুপারিশ তার জন্য অনিবার্য হয়ে যাবে। (আহমাদ)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : আহমাদ ১৬৫৪৩, য‘ঈফ আত্ তারগীব ১০৩৮। কারণ এর সানাদে ইবনু লাহ্ইয়া রয়েছে। দ্বিতীয়ত এর সানাদে ওয়াফা ইবনু শুরাইহ আল্ হাযরামী রয়েছে যাকে ইবনু হিব্বান ছাড়া কেউ বিশ্বস্ত বলেননি এবং তার থেকে মাত্র দু’জন রাবী হাদীস বর্ণনা করেছে। আর এজন্যই হাফিয ইবনু হাজার তাকে হাদীস বর্ণনায় শিথিল বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55495

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন